

দৈনিক সংবাদ

JUN. 18 2002

আদিব...  
দা... ৩

## পরীক্ষা বিষয়ে আনোচনা - ২০০২

### গাইবান্ধা থেকেই প্রশ্নপত্র ফাঁস হয়েছে

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরি-  
বেশক : প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার  
প্রশ্নপত্র গাইবান্ধা থেকেই ফাঁস হয়েছে বলে  
একাধিক সূত্র মনে করেছে। এই শিক্ষক  
নিয়োগ পরীক্ষা বাতিলসহ সব প্রশ্নপত্র ফাঁস  
ও পাচারের সঙ্গে জড়িত ব্যক্তিদের অবিলম্বে  
শ্রেফতার ও শাস্তির দাবি জানিয়েছে জেলা  
১১ দলসহ বিভিন্ন রাজনৈতিক দলের  
নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ অভিযোগ করেন ষড়যন্ত্রে  
শিক্ষক নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হলেও বৃধ  
ও বৃহস্পতিবার গাইবান্ধা জেলার সর্বত্র  
ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্র চড়া দামে বিক্রি  
হতে থাকে। ঘটনাটি প্রশাসনকে বিভিন্ন  
মহল হতে অবহিত করা হলেও তাদের  
টনক নড়েনি। অবশেষে পরীক্ষার হলে ফাঁস  
হয়ে যাওয়া প্রশ্নপত্রের উত্তর হুবহু লিখতে  
থাকার অভিযোগে গাইবান্ধায় ১শ' জন  
পরীক্ষার্থী বহিষ্কার হলে প্রশ্নপত্র ফাঁসের  
ঘটনাটি স্পষ্ট হয়ে উঠে।

ওদিকে গাইবান্ধা গোবিন্দগঞ্জ উপজেলার  
সহকারী শিক্ষা অফিসার মিজানুর রহমান  
ফাঁস হয়ে যাওয়া উত্তরপত্র/প্রশ্নপত্র  
দিনাজপুরে বিভিন্ন পরীক্ষার্থীর কাছে চড়া  
দামে বিক্রিসহ ডুয়া পরীক্ষার্থী সেজে নকল  
করে পরীক্ষা দেওয়ার সময় বহিষ্কৃত হলেও  
জেলা শিক্ষা অফিস তার বিরুদ্ধে এ পর্যন্ত  
কোন ব্যবস্থা গ্রহণ করেনি।